দৈনিক
ইত্তেফাক

তারিখ 19 AUG 2016
পৃষ্ঠা ... কলাম ...

জাতীয় বিশ্ববিদ্যালয়

# মাস্টার্স ভর্তির মেধা তালিকা ২২ আগস্ট

■ গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৬ সালের মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমে এল.এলবি ১ম পর্ব/পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্নালিজম/ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স/এমএস্‌সি ইন কম্পিউটার সায়েন্স/মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন .(এমবিএ)/এমবিএ ইন ৷ অ্যাপারেল মার্চেন্ডাইজিং কোর্সসমূহের রিলিজ স্লিপের মেধা তালিকার ফল আগামী ২২ আগস্ট প্রকাশ করা হবে। ফলাফল বিকাল ৪টা থেকে SMS এর মাধ্যমে nu<space>atpm<space>roll no লিখে ১৬২২২ নাম্বারে send করে জানা যাবে এবং রাত ৯টা থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ে ওয়েবসাইট (www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd থেকে পাওয়া যাবে। বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ে ওয়েবসাইট (www.nu.edu.bd) দেওয়া আছে। বৃহস্পতিবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর এ তথ্য জানিয়েছে।